# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

**শ্রেণি-** প্রথম
**বিষয়-** ইতিহাস
**একক:** মহাভারতের গল্প (18 থেকে 21 পাতা)

দু এক কথায় সংক্ষেপে উত্তর দাও:
1)রামায়ণ ছাড়া ভারতবর্ষের আর একটি মহাকাব্যের নাম কী?
উঃমহাভারত
2)বাংলা ভাষায় প্রথম মহাভারত অনুবাদ করেছিলেন কে?
উঃকাশীরাম দাস।
3)বিচিত্রবীর্যের মৃত্যুর পর পান্ডু ছোট হওয়া সত্বেও কেন রাজা হয়েছিলেন?
উঃবিচিত্রবীর্যের বড় ছেলে জন্মান্ধ হওয়ায় তার ছোট ছেলে পান্ডু রাজা হয়েছিলেন ।
4)পান্ডব ও কৌরব কাদের বলা হত?
উঃপান্ডুর ছেলেদের বলা হতো পাণ্ডব । ধৃতরাষ্ট্রের ছেলেদের বলা হতো কৌরব।
5)কৌরব ও পাণ্ডবদের মধ্যে স্বভাবে কিরকম তফাৎ ছিল?
উঃকৌরবরা ছিলেন অসৎ ও হিংসুটে অথচ পাণ্ডবরা ছিলেন ধার্মিক ও দয়ালু।
6)কিভাবে দূর্যোধন পান্ডবদের পুড়িয়ে মেরে ফেলতে চেয়েছিলেন?
উঃবারানাবত নামে একটি স্থানে গালা দিয়ে বাড়ি তৈরি করেছিলেন দূর্যোধন। গালা খুব সহজেই আগুনে পুড়ে যায়। তাই ওই বাড়িতে পান্ডবদের পাঠিয়ে তিনি তাদের পুড়িয়ে মেরে ফেলতে চেয়েছিলেন।
7)দ্রৌপদী কে ছিলেন?
উঃপাঞ্চালরাজ দ্রুপদের কন্যা ছিলেন দ্রৌপদী ।

8)শকুনি কে ছিলেন?
উঃদুর্যোধনের মামা ছিলেন শকুনি,যিনি সবসময় দুর্যোধনকে কু-পরামর্শ দিতেন।
9)পাশা খেলায় হেরে গিয়ে পান্ডবদের কী শাস্তি পেতে হয়েছিল?
উঃপাশা খেলায় হেরে যাওয়ায় পান্ডবদের বারো বছর বনবাস ও একবছর অজ্ঞাতবাসে কাটাতে হয়েছিল।
10)কুরুক্ষেত্রের যুদ্ধ কেন হয়েছিল?
উঃতেরো বছর পর হস্তিনাপুরের ফিরে পাণ্ডবরা রাজ্যের ভাগ চাইলে দূর্যোধন তা দিতে অস্বীকার করে। তাই হস্তিনাপুরের সিংহাসনের অধিকার নিয়ে কুরুক্ষেত্রের মাঠে দুপক্ষের মধ্যে যুদ্ধ শুরু হয়েছিল।

মহাভারতের গল্প ভালোভাবে রিডিং পড়বে।
বইয়ের প্রশ্ন উত্তর গুলো ভালোভাবে পড়বে।

**দ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**